



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
কেন্দ্রীয় হিসাব বিভাগ-২  
কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল শাখা

সরাসরিঃ ৯৫৫২৭৮৬  
E-mail:  
dgmaccounts2@krishibank.org.bd

নং-প্রকা/হিসাব-২৪১৩(অনুদান)/২০১৬-২০১৭/২৮৭৯

তারিখঃ ০৮-০২-২০১৭ খ্রিঃ

সকল মহাব্যবস্থাপক/ সকল কর্পোরেট শাখাসমূহ  
সকল মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক (মূখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল হতে এককালীন ও মৃত্যু পরবর্তী মাসিক অনুদান প্রাপ্তির ক্ষেত্রে বিলম্বিত আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।


০২। বর্ণিত বিষয়ে আপনাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল ট্রাস্টি বোর্ডের ২৯-০১-২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৩৪ তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, “অবসর গমনকারী যে সকল কর্মকর্তা/কর্মচারী পি.আর.এল. গমন করার সময়সীমা ০৯ (নয়) মাস অতিক্রান্ত হয়ে গেছে কিন্তু এখনও আবেদন করেন নাই তাঁরা তাদের এককালীন অনুদান প্রাপ্তির জন্য আগামী ৩০ শে জুন, ২০১৭ তারিখের মধ্যে সদস্য-সচিব, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল এর বরাবরে আবেদন করতে হবে।” নির্দিষ্ট সময়ের পরে প্রেরিত আবেদনপত্র কোনক্রমেই গ্রহণযোগ্য/ বিবেচনা করা হবে না। মৃত্যু বরণকারী কর্মকর্তা/কর্মচারীদের সুবিধা প্রাপকদের মৃত্যু পরবর্তী মাসিক অনুদান প্রাপ্তির ক্ষেত্রে একই নিয়ম প্রযোজ্য হবে।

০৩। এমতাবস্থায়, আপনাদের কার্যালয়সহ অঞ্চলাধীন কার্যালয়সমূহ/ শাখাসমূহকে বিষয়টি অবহিতকরণসহ উপরোক্ত নির্দেশনা পরিপালন এবং পরবর্তীতে এ ধরনের আবেদন প্রেরণ কালে “কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০১২” (বিকেবি, প্রশাসন পরিপত্র নং ০৫/২০১২ তারিখ ২৮-০২-২০১২ খ্রিঃ) এর উপ অনুচ্ছেদ ৭(১) অনুসরণপূর্বক প্রেরণের জন্য পরামর্শ প্রদানের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত,

  
(ফরিদা সিদ্দিকা)  
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
- ০২। নথি/মহানথি।

সদস্য সচিব  
ও  
উপ-মহাব্যবস্থাপক  
কেন্দ্রীয় হিসাব বিভাগ-২  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়,  
ঢাকা-১০০০।

মাধ্যম : নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ।

বিষয় : কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল হতে এককালীন অনুদান পাওয়ার আবেদনপত্র।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারী/নিম্নস্বাক্ষরকারীগণ ----- সাবেক----- বিকেবি--  
-----শাখা/কার্যালয়----- সূচক নং-----এর অধিকারী/ বৈধ মনোনীত(গণ)।  
বিগত ----- তারিখে আমি অবসরে গমন করি/তিনি মৃত্যুবরণ করেন।

এমতাবস্থায়, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল হতে আমাকে/আমাদিগকে এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে নিম্নবর্ণিত কাগজপত্র/তথ্যাদি এতদসঙ্গে সংযুক্ত করে আবেদন করছি।

- ০১। কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী :
- ০২। পিতা/স্বামীর নাম :
- ০৩। কর্মকর্তা/কর্মচারীর জন্ম তারিখ :
- ০৪। চাকুরীতে যোগদানের তারিখ :
- ০৫। অবসরগ্রহণের তারিখ (অবসর আদেশের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে) :
- ০৬। সর্বশেষ কর্মস্থলের ছাড়পত্র ও দায়িত্বভার হস্তান্তরের কপি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে :
- ০৭। মৃত কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে মৃত্যুর তারিখ (মৃত্যুর সনদপত্র, এল.পি.সি. উত্তরাধিকার সনদপত্র, ক্ষমতাপত্র-সংযোজনী- 'ক' ও 'খ' সংযুক্ত করতে হবে) :
- ০৮। সর্বশেষ শাখা/কার্যালয়ের নাম, ঠিকানা :
- ০৯। অবসর প্রাক্কালীন সময়ে অধিষ্ঠিত পদের নাম :
- ১০। কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিলে চাঁদা প্রদান করেছেন কিনা ? : হ্যাঁ/না।
- ১১। ব্যাংক শাখার নাম ও হিসাব নম্বর (যে শাখা হতে অনুদান গ্রহণ করতে ইচ্ছুক)  
ক) শাখার নাম :  
খ) হিসাব নম্বর :

আমি/আমরা প্রতিজ্ঞা পূর্বক অংগীকার করছি যে, অত্র আবেদনে উল্লেখিত তথ্যাদি আমার/আমাদের জ্ঞান ও বিশ্বাস মতে সঠিক এবং আমি/আমরা কোন তথ্য গোপন করি নাই। আমি/আমরা আরো অংগীকার করছি যে, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিল হতে আমি/আমরা পূর্বে কোন অনুদানের অর্থ গ্রহণ করি নাই। যদি কোন সময় প্রমানিত হয় যে, আমি/আমরা কোন বাস্তব তথ্য গোপন করেছি তবে গৃহীত এককালীন অনুদানের টাকা ফেরত দিতে বাধ্য থাকব।

স্থায়ী ঠিকানা :-

আবেদনকারীর স্বাক্ষর :  
নাম :  
বর্তমান কর্মস্থল :  
তারিখ :  
মোবাইল নম্বর (আবশ্যিক) :-

#### নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নপত্র

আমি এ মর্মে প্রত্যয়ন করছি যে, আবেদনপত্রে উল্লেখিত তথ্যাবলী সঠিক। আরো প্রত্যয়ন করছি যে, কর্মচারী কল্যাণ (বদান্য) তহবিলে অবসর প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সর্বশেষ ..... মাস পর্যন্ত চাঁদা প্রদান করা হয়েছে এবং ইতোপূর্বে কর্মচারী কল্যাণ তহবিল (বদান্য) হতে এককালীন অনুদান গ্রহণ করেন নাই।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

নাম :-

পদবী :-

তারিখ :-

মোবাইল নং(আবশ্যিক):-